

প্রেস রিলিজ

৪ সেপ্টেম্বর ২০২৩, বঙ্গাভবন

=====

রাষ্ট্রপতি সাহাবুদ্দিনকে জাকার্তায় লাল গালিচা অভ্যর্থনা

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন আজ সন্ধ্যায় ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় পৌঁছলে তাঁকে লাল গালিচা অভ্যর্থনা জানানো হয়।

রাষ্ট্রপতি আগামী ৫-৭ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য ৪৩ তম 'আসিয়ান শীর্ষ সম্মেলন' এবং ১৮তম 'ইস্ট এশিয়া শীর্ষ সম্মেলনে' যোগ দিতে আজ সেখানে পৌঁছান।

রাষ্ট্রপতিকে বহনকারী বাংলাদেশ বিমান এয়ারলাইন্স লিমিটেডের একটি ভিভিআইপি ফ্লাইট (বিজি-১৯১০) সিঙ্গাপুরের চাঙ্গি আন্তর্জাতিক বিমানবন্দর হয়ে সন্ধ্যা ০৫:৪০ টায় (ইন্দোনেশিয়া সময়) জাকার্তার সোয়েকার্নো -হাত্তা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

ইন্দোনেশিয়ার পরিবেশ ও বনমন্ত্রী সিত্তি নুরবায়া , বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড . এ কে আব্দুল মোমেন এবং ইন্দোনেশিয়ায় বাংলাদেশ মিশনের চার্জ দ্য অ্যাফেয়ার্স মোঃ সাজেবুর রহমান এবং অন্যান্য কর্মকর্তারা বিমানবন্দরে রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

সকাল সাড়ে ৮টায়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের একটি বাণিজ্যিক ফ্লাইট (বিজি-৫৮৪) রাষ্ট্রপতি, তাঁর স্ত্রী ড . রেবেকা সুলতানা এবং অন্যান্য সফরসঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর ছাড়ে।

ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি এবং ২০২৩ সালের জন্য 'আসিয়ান চেয়ার ' জোকো উইডোডোর আমন্ত্রণে রাষ্ট্রপতি "আসিয়ান" (অ্যাসোসিয়েশন অফ সাউথইস্ট এশিয়ান নেশনস) শীর্ষ সম্মেলন এবং জাকার্তা কনভেনশন সেন্টারে (জেসিসি) "ইস্ট এশিয়া" শীর্ষ সম্মেলনে যোগ দিচ্ছেন। রাষ্ট্রপতি সেখানে "আইওআরএর দৃষ্টিকোণ থেকে বৃদ্ধির কেন্দ্রবিন্দুকে সমর্থন করার জন্য আঞ্চলিক স্থাপত্যকে শক্তিশালী করা " বিষয়ে সমাপনী ভাষণ দেবেন। এছাড়া , তিনি ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট , ভিয়েতনামের প্রধানমন্ত্রী, আইওরা (IORA) মহাসচিব এবং আরো কয়েকজন রাষ্ট্রীয় নেতার সঙ্গে পৃথক দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

রাষ্ট্রপতি জাকার্তায় শীর্ষ সম্মেলন শেষে আগামী ৮ সেপ্টেম্বর স্বাস্থ্য পরীক্ষার জন্য সিঙ্গাপুরে যাবেন।

আগামী ১৬ সেপ্টেম্বর রাষ্ট্রপতির দেশে ফেরার কথা রয়েছে।